

ব্যাবসা বৃদ্ধি বাজাজ ইলেকট্রিক্যালসের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: ২০১১-১২ আর্থিক বছরের প্রথম ষান্মাসিকে বাজাজ ইলেকট্রিক্যালস লিমিটেডের কলকাতা শাখা ৭৭.৬২ কোটি টাকার ব্যাবসা করেছে। এক প্রেস বিবৃতিতে তারা এ খবর জানিয়ে বলেছে, গত আর্থিক বছরের ওই সময়সীমার তুলনায় এ বছর ওই সময়ে তাদের ব্যাবসা ২০ শতাংশ বেড়েছে। তারা আশা করছে, এ ধরনের উর্ধগতি বজায় থাকলে এই আর্থিক বছরে মোট ব্যাবসা ১৫০ কোটি টাকা ছাড়িয়ে যাবে।

সংশ্লিষ্ট সংস্থার কলকাতা শাখা আরও জানিয়েছে, শুক্রবার ৪ নভেম্বর তারা 'কনজিউমার মিট'-এর আয়োজন করে। সেখানে যোগদানকারী ১৩০ জনের মধ্যে তিনজনকে 'বেস্ট ফিডব্যাক অব দি ডে'-এর জন্য পুরস্কৃত করা হয়।